77

তারিখ 02 JUN 1994
পৃষ্ঠা ৩ কলাম ১

দৈনিক ইত্তেফাক

# মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রী সহায়ক ব্যাংকিং কার্যক্রম

কুলাউড়া সংবাদদাতা ।। নারী শিক্ষায় আর্থিক যোগান দেওয়ার লক্ষ্যে দেশব্যাপী মনোনীত নিম্ন-মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়সমূহে ৬ষ্ঠ হইতে ১০ম শ্রেণী পর্যন্ত অধ্যয়নরত ছাত্রী-দের পর্যায়ক্রমে উপবৃত্তি প্রদানের জন্য বিশ্বব্যাঙ্কের তত্ত্বাবধানে 'ফিমেল সেকেণ্ডারী স্কুল এ্যাসিস-ট্যান্স প্রজেক্ট'' (এফ এস এস এ পি) নামীয় একটি প্রকল্প চলতি বৎসর চালু করা হইয়াছে। আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (আইডিএ) অর্থায়নে প্রকল্পটি

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## মাধ্যমিক বিদ্যালয়ে

(৩য় পৃঃ পর)

পরিচালিত হইতেছে এবং চলিত বৎসরের প্রাথমিক কার্যক্রম ইতি-মধ্যেই শুরু হইয়াছে। দুই পর্যায়ে বিভক্ত প্রকল্পটির প্রথম পর্যায়ে ৫৯টি থানার এক হাজার ৩ শত ৬১টি বিদ্যালয় মনোনীত করা হইয়াছে। বিদ্যালয়গুলির ৬ষ্ঠ ও ৯ম শ্রেণীতে অধ্যয়নরত মোট ১লক্ষ ১৪ হাজার ৪শত ৫৩ জন ছাত্রীকে এই বৎসর উপবৃত্তি প্রদান করা হইবে। আগামী বৎসর ২য় পর্যায়ের আরও ৫৯টি থানার বিদ্যালয়-গুলির ৬ষ্ঠ, ৭ম, ৯ম ও ১০ম শ্রেণীর ছাত্রীদের উপবৃত্তি প্রদান করা হইবে। এই উপবৃত্তি বৎসরে ২ কিস্তিতে দেওয়া হইবে। উপবৃত্তির টাকা সংশ্লিষ্ট ছাত্রী-দের ব্যাঙ্কের মাধ্যমে প্রদান করা হইবে। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় ও অগ্রণী ব্যাঙ্কের মধ্যে এতদ-সংক্রান্ত একটি পার্টিসিপেশন এগ্রিমেন্ট স্বাক্ষরিত হইয়াছে।